# উত্তরা বিমান বিধ্বস্ত: আইএসপিআরের বিবৃতি তথ্য অনুযায়ী নিহত ১৮, আহত ১৬৪



সংগৃহীত ছবি

রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় এখন পর্যন্ত ১৮ জন নিহত এবং অন্তত ১৬৪ জন আহত হয়েছেন বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আহতদের মধ্যে নারী ও শিশুর সংখ্যাই বেশি, যাদের অধিকাংশই স্থানীয় স্কুলের শিক্ষার্থী।

সোমবার (২১ জুলাই) বিকেলে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায় আইএসপিআর।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর মধ্যে কুয়েত মৈত্রী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ৮ জন, জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ৭০ জন আহত এবং ২ জন নিহত, সিএমএইচ-ঢাকায় ১৪ জন আহত ও ১১ জন নিহত, কুর্মিটোলা জেনারেল হাসপাতালে ২ জন নিহত, লুবনা জেনারেল হাসপাতাল অ্যান্ড কার্ডিয়াক সেন্টারে ১১ জন আহত ও ২ জন নিহত, উত্তরা আধুনিক হসপিটালে ৬০ জন আহত ও ১ জন নিহত এবং উত্তরা ক্রিসেন্ট হাসপাতালে ১ জন আহত হয়েছেন।

বিশেষ করে বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন দগ্ধদের মধ্যে বেশিরভাগই স্কুলশিক্ষার্থী। তাদের অনেকের অবস্থা আশঙ্কাজনক। পাশাপাশি নারী ও শিশুসহ ৫০ জনের বেশি দগ্ধ হয়েছেন বলে জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ।

প্রসঙ্গত, সোমবার দুপুর ১টার কিছু পর বাংলাদেশ বিমান বাহিনীর একটি F-7 BGI মডেলের প্রশিক্ষণ বিমান উত্তরার ১১ নম্বর সেক্টরের মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনের ওপর বিধ্বস্ত হয়। দুর্ঘটনার সঙ্গে সঙ্গেই বিমান ও ভবনটিতে আগুন ধরে যায়। ওই ভবনে ক্লাস চলাকালীন সময়ে বহু শিক্ষার্থী অবস্থান করছিলেন। এ কারণে হতাহতের সংখ্যা আশঙ্কাজনকভাবে বেড়ে যায়